



# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www: brur.ac.bd

স্মারক নম্বর- বেরোবি/ রেজিঃ/ শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৩/ ১৫২২

তারিখ : ১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞাপিত পদে আবেদনের শর্তাবলী

প্রভাষক	<p>১. প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগে (সংশ্লিষ্ট বিভাগ বলতে যে বিভাগের জন্য শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে শুধুমাত্র সেই বিভাগ হতে স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে) ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।</p> <p>২. সংশ্লিষ্ট অনুযায়িত প্রার্থীদেরকে- ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি অনুযায়িত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।</p> <p>৩. অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্ৰাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।</p> <p>৪. সরকারী/আধা-সরকারী/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।</p> <p>৫. বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যেতে পারে (এস এস সি হতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত)।</p>
১	প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিভাগসমূহের শূন্য পদ পূরণের ফলে তাৎক্ষণিকভাবে শূন্য হওয়া শিক্ষা ছুটি জনিত শূন্য পদের বিপরীতে অস্থায়ী প্রভাষক নিয়োগ দেওয়া যেতে পারে।
২	অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
৩	প্রার্থীদেরকে আবেদন ফরমের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সত্যায়িত) (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে (ঘ) প্রভাষক পদের জন্য ০৯ (নয়) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৪	চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫	প্রার্থীদেরকে পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৬	প্রার্থীদের যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট সংযুক্ত ২৪X১১সে:মি: ১০X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে দিতে হবে।
৭	প্রাপ্ত আবেদন ফরমসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকার অথবা লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৮	ক্রটিপূর্ণ (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষর ব্যতীত আবেদন ফরম)/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন ফরম (গ্রহণের শেষ তারিখের পর) গ্রহণ করা হবে না।
৯	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

*Alhamdulillah*  
29-10-2023  
প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী  
রেজিস্ট্রার  
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।  
ই-মেইল: registrar@brur.ac.bd